মেহেরপুরে শাহজালাল ইসলামী ব্যাংকের উদ্যোগে গাছের চারা বিতরণ

সামাজিক বনায়ন কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুরে শাহজালাল ইসলামী ব্যাংক পিএলসি এর উদ্যোগে শিক্ষার্থীদের মাঝে ফলজ ও বনজ গাছের চারা বিতরণ করা হয়েছে।

আজ রবিবার বিকেল চারটায় মেহেরপুর শহরের প্রাণকেন্দ্র জিনিয়াস স্কুল এন্ড কলেজের শিক্ষার্থীদের মাঝে ৫০০ টি গাছের চারা বিতরণ করা হয়। শাহজালাল ইসলামী ব্যাংক পিএলসি মেহেরপুর শাখার ব্যবস্থাপক আরজুল্লাহ ও বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা রিতা পারভীন এর উপস্থিতিতে বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে গাছের চারা বিতরণ করা হয়।

শাহজালাল ইসলামী ব্যাংক মেহেরপুর শাখার ব্যবস্থাপক আরজুল্লাহ বলেন, বিভিন্ন প্রকার প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় ও সামাজিক বনায়ন সৃষ্টির লক্ষ্যে দায়বদ্ধতার জায়গা থেকে এই কর্মসূচি গ্রহণ করা হয়েছে। শাহজালাল ইসলামী ব্যাংক সারাদেশে এই বৃক্ষরোপন কর্মসূচী বাস্তবায়ন করছে। এসময় ব্যাংকের অনান্য কর্মকর্তা, বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে শাহজালাল ইসলামী ব্যাংকের উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

শাহজালাল ইসলামী ব্যাংক ফাউন্ডেশনের সিএসআর কার্যক্রমের অংশ হিসেবে মেহেরপুর জেলা শাখার উদ্যোগে এতিমখানার এতিম ও দুস্থ অসহায় শিশু এবং সহায়-সম্বলহীন শীতার্থ মানুষদের মাঝে শীতবস্ত্র

বিতরণ করা হয়েছে।

শনিবার (১৩ জানুয়ারি) বেলা ১১ টার দিকে শাহজালাল ইসলামী ব্যাংক মেহেরপুর জেলা শাখায় এ শীতবস্ত্র বিতরণ করা হয়। শাখা ব্যবস্থাপক মীর তৌহিদ আহম্মেদের নেতৃত্বে মোট ২ শত এতিম ও দুস্থ অসহায় শিশু এবং শীতার্থ মানুষদের মাঝে কম্বল বিতরন করা হয়।

জামিউল কুরআন মডেল মাদ্রাসা ও হিফজখানার ২৫ জন,বারাদি মদিনাতুল উলুম করমিয়া মাদ্রাসার ২০ জন,শিশিরপাড়া নূরানী হাফেজী মাদ্রাসা এতিমখানা ও লিল্লাহ বোর্ডিং এর ২০ জন এতিম ও অসহায় শিশু এবং বাকি ১৩৫ টি কম্বল সহায়-সম্বলহীন শীতার্তদের মাঝে বিতরণ করা হয়।

এসময় ব্যাংকের সহকারী ব্যবস্থাপক ফারুক হোসেনসহ বিশিষ্ট ব্যবসায়ী,এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ,মাদ্রাসা ও এতিমখানার শিক্ষকবৃন্দ এবং ব্যাংকের অন্যান্য কর্মকর্তা কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।